আলমডাঙ্গায় মতবিনিময় ও আব্দুল মজিদ মেমোরিয়াল সায়েন্স কর্নার উদ্বোধন

আলমডাঙ্গা স্বয়ম্ভর লাইব্রেরির উদ্যোগে বিজ্ঞানশিক্ষা বিষয়ক মতবিনিময় ও আব্দুল মজিদ মেমোরিয়াল সায়েন্স কর্নারের শুভ উদ্বোধনে করা হয়।

আজ বুধবার সকাল ১০ টার দিকে জেস টাওয়ার ভবনে স্বয়ম্ভর লাইব্রেরির হলরুমে স্বয়ম্ভর লাইব্রেরির সভাপতি ও দি নিউনেশন পত্রিকার স্টাফ রিপোটার সাংবাদিক এনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গার কৃতি সন্তান কানাডার ক্যালগরি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আনিস হক (রাজ)।

উল্লেখ্য শিক্ষক আব্দুল মজিদ আলমডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয়ের স্বনামধন্য শিক্ষক ছিলেন এবং ড. আনিস হক রাজ তার নাতি ছেলে। দাদার প্রতি অকৃত্রিম ভালবাসা ও স্মৃতি ধরে রাখতে ড. রাজ বাংলা ভাষায় প্রকাশিত অধিকাংশ বিজ্ঞান বই উপহার দিয়ে স্বয়ম্ভর পাবলিক লাইব্রেরিতে ” মজিদ স্যার মেমোরিয়াল কর্ণার” চালু করলেন। তিনি প্রায় দেড় ঘন্টা সময় নিয়ে বিজ্ঞানশিক্ষা বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত তুলে ধরেন এবং ছাত্রছাত্রী ও অভিভাবকদের নানা প্রশ্নের উত্তর দেন।

অনুষ্ঠানে উপস্থিত সূধীজনেরা তাদের বক্তব্যে এ জাতীয় কর্মকান্ডের ভূয়সী প্রশংসা করে এলাকার উন্নয়নে সবাইকে এভাবে এগিয়ে আসার আহবান জানান। একই অনুষ্ঠানে কালিদাসপুরের সন্তান ইতালি প্রবাসী আব্দুল্লাহ টিপু সুলতান এবং তার সহধর্মিনী নারগিস আরা শিল্পী (কানাডিয়ান-বাংলাদেশী নাগরিক) স্বয়ম্ভর লাইব্রেরীকে আনুমানিক ১২,৫০০/ (বার হাজার পাঁচশত) টাকা মূল্যমানের বই উপহার দেন । উল্লেখ্য টিপু সুলতান বেশ কিছু গুরুত্বপূর্ণ বই (ইংরেজি ভার্সন) সরাসরি ইতালি থেকে নিয়ে এসেছেন।

এমএসজোহা কলেজের সিনিয়র প্রভাসক একেএম ফারুক হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হোসেন, সর্বজন শ্রদ্ধেয় শিক্ষক আফিল উদ্দিন, সাবেক মৎস অফিসার মীর আব্দুল হামিদ চৌধুরী, আলমডাঙ্গা সরকারি কলেজের

ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোনায়েম হোসেন, প্রেসক্লাবের সভাপতি খোঃ শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম, হারদী এমএস জোহা ডিগ্রী কলেজের অধ্যক্ষ ওমর ফারুক, চুয়াডাঙ্গা সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ডিনা ম্যাডাম, এরশাদপুর একাডেমীর প্রধান শিক্ষক ফজলুল হক, হালসা কলেজের ক্রীড়া শিক্ষক শরিফুল ইসলাম, কবি আব্দুল কুদ্দুস, সরকারি কলেজের ক্রীড়া শিক্ষক সাইদ হীরন, ক্রীড়া সংগঠক মিজানুর রহমান, আব্দুর রশিদ, বিশ্বজিৎ শাধুখাঁ, বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন প্রমুখ ।

এছাড়াও অনুষ্ঠানে এলাকার অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সূধীজনেরা উপস্থিত ছিলেন। এছাড়াও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সরকারি কলেজের সিনিয়র প্রভাসক শরিয়তুল্লাহ, প্রভাসক আব্দুল হাই, প্রভাসক প্রদর্শক রাজিউজ্জামান রাজ, চন্দন পাল ও রাকিবের নেতৃত্বে স্বয়ম্ভর লাইব্রেরির স্বেচ্ছাসেবক দলের সার্বিক তৎপরতায় অনুষ্ঠানটি অত্যন্ত সুন্দরভাবে সম্পন্ন হয়।

ঝিনাইদহে ভোরের চেতনা পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে দেশের অন্যতম শীর্ষ পত্রিকা জাতীয় দৈনিক ভোরের চেতনা ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

আজ বুধবার বিকেলে ঝিনাইদহ প্রেস ইউনিটির কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে কেক কেটে পত্রিকাটির ২৫তম বর্ষে পদার্পণ উদযাপন করা হয়।

এই সময় ঝিনাইদহ প্রেস ইউনিটির সভাপতি সাহিদুল এনাম পল্লব এর সভাপতিত্বে ও পত্রিকার জেলা প্রতিনিধি আনোয়ার হোসেনের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত আসনের মহিলা সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিও সংস্থার নির্বাহী পরিচালক সামছুল আলম। এছাড়াও উপস্থিত ছিল প্রেস ইউনিটির যুগ্ম সাধারণ সম্পাদক পাপন চৌধুরী, কোষাধ্যক্ষ মিশুক হাসান, সাংস্কৃতি সম্পাদক, তাপস কুণ্ডু, নির্বাহী সদস্য বাবলু মিয়া আবুল হাসান সহ অন্যান্য সদস্য ও আগত অতিথি বিন্দুরা।

অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন ভোরের চেতনা পত্রিকা ২৪বছর পূর্ণ করে ২৫ বছরে পদার্পণ করেছে। অল্প সময়ে পত্রিকাটি মানুষের আস্থা অর্জনে সক্ষম হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গড়তে সাংবাদিক ও মিডিয়ার ভূমিকা অপরিসীম। ভোরের চেতনা ঝিনাইদহের উন্নয়ন, দুর্নীতি সম্ভাবনা নিয়ে কাজ করছে আশা রাখি ভবিষ্যতে পত্রিকাটি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করবে প্রত্রিকার সাফল্য কামনা করি।

আলমডাঙ্গায় দুই মাদকসেবীর ৬ মাসের কারাদণ্ড

আলমডাঙ্গায় দুই মাদক ব্যবসায়ীকে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। আজ বুধবার সকালে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদের নেতৃত্বে পরিচালিত ভ্রাম্যমাণ আদালত তাদেরকে সাজা দিয়ে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন।

সাজাপ্রাপ্তরা হলেন, পৌর এলাকার গোবিন্দপুর মাঠপাড়া মৃত আক্কাস আলীর ছেলে মুরাদ হোসেন (৩৫), কালিদাসপুর ইউনিয়নের জগন্নাথপুর গ্রামের মৃত চান্দালীর ছেলে সৈয়দ আলী (৫৫)।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সহকারী পরিচালক শরিয়তুল্লাহ জানান, গোপন সূত্রে খবর পেয়ে বুধবার সকালে উপজেলার গোবিন্দপুর ও জগন্নাথপুর গ্রামে পৃথক অভিযান চালায়। অভিযানকালে মুরাদ হোসেনকে দুই পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন ও সৈয়দ আলীকে ২ পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশনসহ তাদের আটক করা হয়। পরে তাদের

সোপর্দ করা হলে ভ্রাম্যমাণ আদালত তাদের সাজা দিয়ে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন। তিনি বলেন, উদ্ধারকৃত এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন জব্দ করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকারী সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ জানান, ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধিত ২০০৪) আইনে তাদের সাজা দেওয়া হয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের আনন্দ র্যালী

জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণায় আনন্দ র্যালী ও আলোচনা সভার আয়োজন করে মেহেরপুরে জেলা আওয়ামী লীগ।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের আয়োজনে আজ বুধবার (১৫ নভেম্বর) রাত আটটার দিকে পৌর কমিউনিটি সেন্টার চত্বর থেকে একটি র্যালী বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থান এসে শেষ হয়।

এ সময় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট ইব্রাহিম শাহীন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, যুব মহিলা লীগের সভাপতি লতিফন নেতা লতা প্রমুখ।

জাতীয় নির্বাচন আগামী ৭ জানুয়ারি

আগামী ৭ জানুয়ারি রোববার বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের দিন নির্ধারণ করেছে নির্বাচন কমিশন। আজ বুধবার (১৫ নভেম্বর) সন্ধ্যা ৭টার পর প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল নির্বাচনের তফসিল ঘোষণা করেন।

বিকাল ৫টায় আগারগাঁওয়ের নির্বাচন ভবনে কমিশনের সভায় নির্বাচনের দিন-ক্ষণসহ তফসিল ঘোষণার বিষয়ে সিদ্ধান্ত হয়। সন্ধ্যা ৭টায় জাতির উদ্দেশ্যে দেওয়া ভাষণে তফসিল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার।

সিইসির ভাষণ একযোগে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) ও বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচার করা হয়। এবারই প্রথম তফসিল ঘোষণা সরাসরি সম্প্রচার করা হলো। আগে সব সময় রেকর্ড করা ভাষণ প্রচারিত হত।

২০১৮ সালের ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় নির্বাচনের পর সংসদের প্রথম অধিবেশন বসে ২০১৯ সালের ৩০ জানুয়ারি। সে হিসেবে এই সংসদের মেয়াদ শেষ হবে ২০২৪ সালের ২৯ জানুয়ারি। সংবিধান অনুযায়ী, এর আগে ৯০ দিনের মধ্যে নির্বাচন হতে হবে।

সেই হিসাবে গত ১ নভেম্বর নির্বাচনের ক্ষণগণনা শুরু হয়ে গেছে। ২৯ জানুয়ারির মধ্যে নির্বাচন আয়োজনের বাধ্যবাধকতা আছে। এর আগে কমিশনের পক্ষ থেকে একাধিকবার ডিসেম্বরের শেষে বা জানুয়ারির শুরুতে ভোট আয়োজনের প্রস্তুতির কথা জানানো হয়েছে।

সূত্র: ইত্তেফাক

সেঞ্চুরির ফিফটি করে শচীনকে ছাড়িয়ে গেলেন কোহলি

নিজের ৩৫তম জন্মদিনে সেঞ্চুরি করে মাইলফলক স্পর্শ করেছিলেন ভারতের তারকা ব্যাটার বিরাট কোহলি। বিশ্বকাপে নিজেদের অষ্টম ম্যাচে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সেঞ্চুরি করে স্বদেশী কিংবদন্তি শচিন টেন্ডুলকারকে ছুঁয়ে ফেলেছিলেন কোহলি। এবার সেমিফাইনালে নিউজিল্যান্ডের বিপক্ষে সেঞ্চুরি করে শচীনকে ছাড়িয়ে গেলেন এই ব্যাটিং জিনিয়াস।

বুধবার (১৫ নভেম্বর) মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে টস জিতে ব্যাট করতে নামে ভারত। সাবলীল ব্যাটিংয়ে ১০৬ বলে সেঞ্চুরি পূর্ণ করেন কোহলি। এটি ক্যারিয়ারের ৫০তম সেঞ্চুরি তার। শচীনের ৪৯ সেঞ্চুরিকে ছাড়িয়ে ওয়ানডে ক্রিকেটে এখন সর্বোচ্চ সেঞ্চুরির মালিক এখন কোহলি।

৮ চার ও ১ ছক্কার সাহায্যে ক্যারিয়ারের ৫০তম সেঞ্চুরির দেখা পান কোহলি। চলতি বিশ্বকাপে এটি তার তৃতীয় সেঞ্চুরি। এর আগে এক বিশ্বকাপে সর্বোচ্চ রানে টেন্ডুলকারের রেকর্ড ভেঙে দেন কোহলি। ২০০৩ বিশ্বকাপে ১ সেঞ্চুরি ও ৬ ফিফটিতে ৬৭৩ রান করেছিলেন শচীন। সেই রেকর্ডও নিজের দখলে নিলেন কোহলি।

সূত্র: ইত্তেফাক

সংলাপে আওয়ামী লীগের ‘না’; নিরপেক্ষ থাকবে যুক্তরাষ্ট্র

মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু শর্তহীন সংলাপের যে আহবান জানিয়েছেন এখন তার সুযোগ নেই বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এদিকে আগামী নির্বাচনে যুক্তরাষ্ট্র একটি

নিরপেক্ষ অবস্থানে থাকবে বলে জানিয়েছেন মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস।

আজ বুধবার সচিবালয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদকদের সাথে বৈঠকে বসেন মার্কিন রাষ্ট্রদূত। এরপর সাংবাদিকদের এসব কথা বলেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এবং আমেরিকার রাষ্ট্রদূত পিটার হাস।

সাংবাদিকদের ওবায়দুর কাদের বলেন, ‘এই সময়ে কখন সংলাপ হবে কখন নির্বাচনের প্রক্রিয়া চলবে এইটা একটা বিষয়, আরেকটা বিষয় হচ্ছে ডায়লগের ব্যাপারে আমাদের যে সিদ্ধান্ত সেটা ছিল অত্যন্ত পরিষ্কার। আমরা আগেও বলেছিলাম শর্তযুক্ত কোনো সংলাপের চিন্তাভাবনা আমরা করছিনা। তারা তাদের যে একদফা— প্রধানমন্ত্রীর পদত্যাগ, নির্বাচন কমিশনের পদত্যাগ, সংসদ বিলুপ্ত করা তারপরেও আমরা চিন্তাভাবনা করে দেখব। তবে এটা অনেক আগের কথা, সেই সময় পেরিয়ে গেছে। এখন আর সেই পেরিয়ে যাওয়া সময়কে এগিয়ে নিয়ে আসার সুযোগ নেই ‘

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, ‘জাতীয় পার্টির যদি কেউ কেউ আওয়ামী লীগের সঙ্গে থাকতে না চায়, এটা তাদের নিজেদের সিদ্ধান্তের ব্যাপার। আমরা তো জোর করে কাউকে আমাদের সঙ্গে টেনে আনছি না, এটা তাদের সিদ্ধান্তের ব্যাপার, ব্যক্তিগতভাবেও তাদের ব্যাপার।’

এদিকে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস সাংবাদিকদের বলেন, ‘আগামী নির্বাচনে একটি নিরপেক্ষ অবস্থানে থাকবে যুক্তরাষ্ট্র। নির্দিষ্ট কোন রাজনৈতিক দলের পক্ষে মার্কিন যুক্তরাষ্ট্রের পক্ষপাতমূলক দৃষ্টি ভঙ্গি অবস্থান না নিয়ে বরং একটি স্বাধীন ও নিরপেক্ষ নির্বাচনে সর্বাত্মক সহযোগিতা করবে মার্কিন যুক্তরাষ্ট্র।’

মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশে একটি শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন চায়। চলমান রাজনৈতিক অস্থিরতা পরিহার করে শর্তহীন একটি সংলাপের ওপর জোর দেন মার্কিন রাষ্ট্রদূত।

দেশের প্রধান তিন রাজনৈতিক দল আওয়ামী লীগ, বিএনপি এবং জাতীয় পার্টিকে চিঠি দিয়েছেন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু। এই চিঠি তিন দলের কাছে পৌঁছে দেন ঢাকায় নিযুক্ত আমেরিকান রাষ্ট্রদূত পিটার ডি হাস।

দ্বাদশ সংসদ নির্বাচন সহিংসতামুক্ত দেখতে চায় যুক্তরাষ্ট্র

বাংলাদেশে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সহিংসতামুক্ত দেখতে চায় যুক্তরাষ্ট্র। একই সঙ্গে অবাধ, সুষ্ঠু ও সবার জন্য উন্মুক্ত নির্বাচন হওয়া উচিত বলে মন্তব্য করেছে দেশটি।

স্থানীয় সময় মঙ্গলবার (১৪ নভেম্বর) নিয়মিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার।

ব্রিফিংয়ে এক সাংবাদিক বাংলাদেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে প্রশ্ন করেন। প্রশ্নকারী বলেন, বিএনপি-জামায়াতের ডাকা অবরোধে সহিংসতার মধ্যে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত বারবার রাজনৈতিক দলগুলোকে সংলাপে বসার আহ্বান জানাচ্ছেন। যুক্তরাষ্ট্র কি বিএনপি-জামায়াতের এ ধরনের সহিংসতা অবসানের নিশ্চয়তা দিতে পারে? বাংলাদেশে একই গোষ্ঠীর এ ধরনের সহিংসতার অতীত রেকর্ড আছে।

জবাবে ম্যাথিউ মিলার বলেন, ‘আমরা ক্রমাগত বলে আসছি যে, বাংলাদেশে নির্বাচন অবাধ, সুষ্ঠু ও উন্মুক্ত ভাবে হওয়া উচিত বলে আমরা বিশ্বাস করি। একসঙ্গে নির্বাচন সহিংসতামুক্ত ভাবেও হওয়া উচিত।

ওই সাংবাদিক দ্বিতীয় প্রশ্ন করে বলেন, নয়াদিল্লিতে যুক্তরাষ্ট্র-ভারতের মধ্যকার (টু প্লাস টু) মন্ত্রী পর্যায়ের বৈঠকের পর ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা বিনয় কোয়াত্রা ভারতীয় উপমহাদেশের জন্য স্থিতিশীল বাংলাদেশের কথা পুনর্ব্যক্ত করেন। তৃতীয় দেশের হস্তক্ষেপে ক্রমবর্ধমান চরমপন্থা নিয়ে উদ্বেগ জানান। ভারত ও যুক্তরাষ্ট্রের ঠিক কী বিপদ হতে পারে? বাংলাদেশের ব্যাপারে ভারতের এ ধরনের অবস্থান নিয়ে মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র কি ভিন্নমত দেবেন?

জবাবে মার্কিন পররাষ্ট্র দপ্তরের এই মুখপাত্র বলেন, এই বিষয় নিয়ে

আমার কোনও মন্তব্য নেই।

চুয়াডাঙ্গার পুলিশ সুপার বদলি, নতুন পুলিশ সুপার ফয়জুল রহমান

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনকে বদলি করার হয়েছে। নতুন পুলিশ সুপার (এসপি) হিসেবে ঢাকা মেট্রোপলিটনের উপ-পুলিশ কমিশনার আর. এম ফয়জুল রহমান নিয়োগ দেয়া হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে জারি করা দুটি পৃথক প্রজ্ঞাপনে এ বদলি করা হয়। গতকাল মঙ্গলবার (১৪ নভেম্বর) রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেন উপসচিব সিরাজাম মুনিরা।

এদিকে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ-আল-মামুনকে নৌ পুলিশে বদলি করা হয়েছে।

ঝিনাইদহের বয়বৃদ্ধ দানেচ বিশ্বাসের পাশে সাইদুল করিম মিন্টু

ঝিনাইদহ সদর উপজেলার জাড়গ্রামের সেই বয়বৃদ্ধ দানেচ বিশ্বাসের পাশে দাড়িয়েছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও হ্যাপি ক্লাব ফাউন্ডেশনের প্রধান উপদেষ্টা সাইদুল করিম মিন্টু। আজ বুধবার সকালে তার বাড়িতে চাল, ডাল, তেল, শাড়ী, লুঙ্গি, গামছাসহ খাদ্য সামগ্রী নিয়ে তার বাড়িতে যান তিনি।

জানা যায়, জাড়গ্রামের অসহায়, দরিদ্র বয়বৃদ্ধ দানেচ বিশ্বাস এক টুকরা জমিতে ভাঙ্গাচোরা ঘরে বসবাস করে। একটি মেয়েকে বিয়ে দেওয়ার পর স্ত্রীকে নিয়ে বাড়িতেই থাকেন। ৮০ বছর বয়স হওয়ায় বয়সের ভারে নুই্যয়ে পড়েছেন। বৃদ্ধ বয়সেও অন্যের জমিতে দিনমজুরের কাজ করে চলে তার সংসার। সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে তাকে নিয়ে সংবাদ প্রচার করা হলে সাইদুল করিম মিন্টুর নজরে আসে। সংবাদটি দেখে তাকে সহযোগতিা করার জন্য নির্দেশ দেয় ঝিনাইদহ হ্যাপি ক্লাব ফাউন্ডেশনের নেতৃবৃন্দকে। পরে বুধবার সকালে দানেচ বিশ্বাসের বাড়িতে চাল, ডাল, তেল, শাড়ী, লুঙ্গি, গামছাসহ খাদ্য সামগ্রী নিয়ে তার বাড়িতে যান।

সেসময় আরও উপস্থিত ছিলেন হ্যাপি ক্লাব ফাউন্ডেশনের সভাপতি রাশিদ নাইব অনিক, সহ-সভাপতি আল হাদি জীবন, সহ-সভাপতি সৈকত আলি, যুগ্ম-সাধারণ সম্পাদক মুক্তাদির আল ফাহাদ, সহ-সম্পাদক বিশ্বাস হাজুজ্জামান আরিফ, আপ্যয়ন বিষয়ক সম্পাদক অনান্য সদস্যরা।